

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।  
www.dae.gov.bd

স্মারক নং- ২২.০১.০০০০.০০০.২৪.২৪.২৯/১২

তারিখ : ১১/১০/১২

বরাবর

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

জেলা..... (সকল)

**বিষয় : প্রদত্ত 'ছক' মোতাবেক উপজেলা ওয়ারী নারিকেল গাছের সার্ভে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর 'নারিকেল সম্প্রসারণ, উন্নয়ন ও রোপিত গাছের উন্নততর ব্যবস্থাপনা' শীর্ষক এক প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে। এ প্রকল্প প্রণয়ন ও স্বার্থক করার লক্ষ্যে সারাদেশে নারিকেল সংক্রান্ত বিস্তারিত ব্লক ওয়ারী রোপিত গাছের পরিস্থিতি এবং তার বর্তমান ফল প্রাপ্তি বিষয়ে বিস্তারিত তথ্য জানা প্রয়োজন। এছাড়া নতুনভাবে যাঁরা লম্বা দেশী জাত/খাটো উন্নত ভিয়েতনামী জাতের নারিকেল গাছ কত সংখ্যক রোপন করতে আগ্রহী সে বিষয়ে তথ্য সংগ্রহ করা অতীব জরুরী।


২। উল্লিখিত প্রকল্প পরিকল্পনা প্রণয়নে সহায়তার জন্য উক্ত তথ্যাবলী প্রত্যেক ব্লক ওয়ারী নির্ধারিত ব্লকের দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি অফিসার সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার এর নিকট উপস্থাপন করতে হবে। প্রত্যেক জেলার উপজেলা কৃষি অফিসার ব্লক ওয়ারী ডাটা কমপাইল করে তা নিজ জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। জেলার উপপরিচালক সকল উপজেলার তথ্য সংগ্রহ করে উপজেলাওয়ারী নারিকেল সম্প্রসারণের বিস্তারিত তথ্য পরিচালক, সরেজমিন উইং এর অনুকূলে প্রেরণ করবেন এবং তার অনুলিপি নিজ অঞ্চলের অতিরিক্ত পরিচালক ও হটিকালচার উইং এর পরিচালক বরাবরে প্রেরণ করবেন। এ সার্ভে রিপোর্ট প্রেরণের শেষ সময়সীমা ৩ ফেব্রুয়ারী, ২০১৯।

প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে কৃষি মন্ত্রী মহোদয় অতি আগ্রহী বিধায় ইহা অতিব জরুরী।

### প্রতিবেদন ছক :

জেলার নাম : ..... উপজেলা নাম : .....

কৃষকের নাম, ঠিকানা ও ব্লক নং	বর্তমানে গাছের সংখ্যা			প্রতি গাছে বছরে ফল ধরা সংখ্যা	গাছের অবস্থান ও রোপন দূরত্ব				মাইটে আক্রান্ত গাছের সংখ্যা	নতুনভাবে রোপনে আগ্রহী জাতের গাছের সংখ্যা			প্রস্তাবিত রোপন স্থান
	ফলন্ত দেশী জাত	অফলন্ত দেশী / বিদেশী জাত	মোট		বসতবাড়ীতে	বাগানে	পুকুর পাড়ে/ যে	রোপন দূরত্ব		খাটো ভিয়েতনামী	দেশী লম্বা	অন্যান্য খাটো জাত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪



(অমিতাভ দাস)

মহাপরিচালক

ফোন - ৯১৪০৮৫০

অনুলিপিঃ

- ১। উপজেলা কৃষি অফিসার ..... (সকল) ;
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ..... (সকল অঞ্চল);
- ৩। পরিচালক, সরেজমিন/ হটিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। কৃষি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
- ২। কৃষি সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।